



মেজর (অব.) রফিকুল ইসলাম বীর উত্তম এর শুভেচ্ছা বাণী




হাজীগঞ্জ উপজেলার হাজীগঞ্জ ডিগ্রি কলেজ একটি প্রসপেক্টাস প্রকাশ করছে জেনে আমি আনন্দিত। বিভিন্ন তথ্য এবং সফল শিক্ষার্থীদের পরিচিতি মূলক এ প্রসপেক্টাস প্রকাশের উদ্যোগ প্রশংসনীয়।

উন্নত জাতি গঠনে সুশিক্ষার কোন বিকল্প নেই। আজকে যারা শিক্ষার্থী, তারাই আগামী দিনে রাষ্ট্র ও সমাজের কাণ্ডারী। সামাজিক ও রাষ্ট্রীয় পরিকাঠামো নির্মাণে অগ্রণী ভূমিকা পালন করতে পারে একটি সুশিক্ষিত জাতি। সে মহান দায়িত্ব আরো অনেক প্রতিষ্ঠানের মতোই পালন করে যাচ্ছে আমার সংসদীয় এলাকা হাজীগঞ্জ উপজেলায় ডাকাতিয়া নদীর কোল ঘেঁষে সু-নিবিড় প্রাকৃতিক পরিবেশে গড়ে উঠা হাজীগঞ্জ ডিগ্রি কলেজ। এই অঞ্চলের পশ্চাৎপদ জনগোষ্ঠীকে শিক্ষার আলোয় আলোকিত করার লক্ষ্যে ১৯৬৯-এর অগ্নিবারা দিনগুলোতে এই কলেজটি প্রতিষ্ঠিত হয়।

অভিজ্ঞ ও নবীন শিক্ষকদের নিরলস প্রচেষ্টার মেলবন্ধনে এই কলেজের শিক্ষার্থীরা পৌঁছে যাচ্ছে উচ্চ শিক্ষার অভিষ্ট লক্ষ্যে। শিক্ষার্থীদের সুন্দর ভবিষ্যৎ গড়ে তোলার লক্ষ্যে শিক্ষকগণ আন্তরিক প্রচেষ্টা চালিয়ে যাবেন- এটাই সবার প্রত্যাশা। কলেজটির সার্বিক উন্নয়নে আমার সব ধরনের সহযোগিতা অব্যাহত থাকবে।

শীঘ্রই কলেজটিতে একটি নতুন ভবন নির্মাণ করা হবে। ফলে ছাত্র-ছাত্রীদের শিক্ষালাভের সুযোগ-সুবিধা বৃদ্ধি পাবে। উন্নতমানের শিক্ষা-দান করে এলাকার জনগণের কল্যাণে অতীতের ন্যায় ভবিষ্যতেও কলেজের শিক্ষকগণ তাঁদের ঐতিহ্যবাহী ভূমিকা পালন করবেন- এ বিশ্বাস আমার আছে।

হাজীগঞ্জ ডিগ্রি কলেজের সবার জন্য আমার আন্তরিক শুভেচ্ছা রইল।


১৩ মে ২০১৫

মেজর (অব.) রফিকুল ইসলাম, বীর উত্তম

সংসদ সদস্য, ২৬৪, চাঁদপুর-৫ (হাজীগঞ্জ-শাহরাস্তি)

সভাপতি: 'নৌ-পরিবহন মন্ত্রণালয়' সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।

সদস্য: 'পরিকল্পনা মন্ত্রণালয়' সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।



হাজীগঞ্জ ডিগ্রি কলেজ